Independent Review of

iRBD

Bangladesh's Development

বাংলাদেশের উন্নয়নের স্বাধীন পর্যালোচনা

# অন্তর্বর্তীকালীন সরকারের চ্যালেঞ্জ ও করণীয়

## *নাগরিক ভাবনা*


**ড. ফাহমিদা খাতুন**

নির্বাহী পরিচালক

সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)


সেন্টার ফর পলিসি ডায়লগ

**ঢাকাঃ ১৪ আগস্ট ২০২৪**

# গবেষকবৃন্দ

এই উপস্থাপনাটি তৈরিতে ভূমিকা রেখেছেনঃ

ড. ফাহমিদা খাতুন, নির্বাহী পরিচালক, সিপিডি

জনাব মুনতাসির কামাল, রিসার্চ ফেলো, সিপিডি

জনাব সৈয়দ ইউসুফ সাদাত, রিসার্চ ফেলো, সিপিডি

# সূচনা

- বাংলাদেশে ব্যাপক ছাত্র-গণআন্দোলনের মুখে ৫ আগস্ট ২০২৪ এ আওয়ামী লীগ সরকারের পতন ঘটে
- এরপর ৮ আগস্ট ২০২৪ এ একটি অন্তর্বর্তীকালীন সরকার দেশ পরিচালনার দায়িত্ব গ্রহণ করে
  - নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসকে প্রধান করে অন্তর্বর্তী সরকারে মোট ১৭ জন উপদেষ্টা নিযুক্ত হন
- প্রচলিত সরকার ব্যবস্থায় আস্থাহীনতা এবং জনমানুষের বিপুল প্রত্যাশা – এ দুইয়ের সন্ধিস্থলে অন্তর্বর্তীকালীন সরকারের দায়িত্বগ্রহণ বাংলাদেশের জাতীয় জীবনে বিশেষ তাৎপর্য বহন করে
- বর্তমান প্রেক্ষাপটে অন্তর্বর্তীকালীন সরকারের সামনে বিদ্যমান চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় করণীয় সম্পর্কে আলোচনার জন্য সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) এই সংলাপটির আয়োজন করেছে
  - ইতিমধ্যেই সিপিডি বর্তমানের একটি অন্যতম প্রধান সমস্যাসঙ্কুল খাত – ব্যাংকিং নিয়ে মিডিয়া ব্রিফিং আয়োজন করেছে

# বিদ্যমান চ্যালেঞ্জসমূহ

- এ কথা অনস্বীকার্য যে বর্তমান পরিস্থিতিতে বাংলাদেশের সামনে বিদ্যমান চ্যালেঞ্জসমূহের সংখ্যা, তীব্রতা ও বিস্তৃতি অপরিমেয়। সেগুলি নিয়ে বিভিন্ন পর্যায়ে আলাপ-আলোচনা চলমান
- আমাদের আজকের এই সংলাপের আলোচনার পরিধি তাই নিম্নবর্ণিত তিনটি বিষয়বস্তুর ভেতর সীমাবদ্ধ থাকবেঃ

**আইনশৃঙ্খলা ও প্রশাসনিক স্থিতিশীলতা আনয়ন**

**অর্থনীতি পুনরুদ্ধার**

**সামাজিক খাত (শিক্ষা, স্বাস্থ্য) পুনর্গঠন**

# আইনশৃঙ্খলা ও প্রশাসনিক স্থিতিশীলতা আনয়ন

| | | | |
|---|---|---|---|
| আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর আংশিক অনুপস্থিতি | লুটতরাজ ও ভাংচুর | আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ব্যাপারে জনগণের আস্থাহীনতা | সংখ্যালঘুদের উপর হামলা ও নির্যাতন |
| আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দুর্বল আত্নবিশ্বাস | আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অবকাঠামোগত ক্ষয়ক্ষতি | ভবিষ্যত সহিংসতার সম্ভাবনা | প্রশাসনিক শীর্ষপর্যায়ে শূন্যস্থান |
| প্রশাসনিক শূন্যস্থান পূরণের জন্য সর্বজনস্বীকৃত ব্যক্তির অভাব | প্রশাসনিক বিভিন্ন পর্যায়ে কর্মকর্তাদের অনুপস্থিতি | প্রশাসনিক কর্মকাণ্ডে স্বাভাবিক গতি আনয়ন | দীর্ঘমেয়াদী সংস্কার ও কাঠামোগত পরিবর্তনের সূচনা |

# অর্থনীতি পুনরুদ্ধার

- রাজস্ব আহরণের অপর্যাপ্ততা
- সরকারি ব্যয় সংকুলানে ব্যর্থতা
- এডিপি বাস্তবায়নে শ্লথগতি
- ব্যাংকিং খাত থেকে উচ্চমাত্রায় ঋণ
- দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি
- ক্রমবর্ধমান খেলাপি ঋণ
- ব্যাংকিং খাতে তারল্য সংকট
- রপ্তানি আয়ে ধীরগতি
- রেমিট্যান্স প্রবাহে মন্থরতা
- ব্যক্তিখাতের বিনিয়োগে স্থবিরতা
- বৈদেশিক মুদ্রার রিজার্ভের অবক্ষয়
- আমদানিতে ক্রমহ্রাসমান প্রবণতা
- টাকার ব্যাপক অবমূল্যায়ন
- অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ধীরগতি
- বিদ্যুৎ ও জ্বালানির সহজপ্রাপ্যতা

তথ্যউপাত্তের ব্যত্যয় ও ঘাটতি

# সামাজিক খাত (শিক্ষা, স্বাস্থ্য) পুনর্গঠন

| | | | |
|---|---|---|---|
| শিক্ষাপ্রতিষ্ঠানের কার্যক্রম স্বাভাবিকীকরণ | শিক্ষার গুণগত মানোন্নয়ন | শিক্ষক প্রশিক্ষণের মানোন্নয়ন | শ্রমবাজারের চাহিদা ও অর্জিত দক্ষতার অসামঞ্জস্যতা দূরীকরণ |
| শিক্ষাপ্রতিষ্ঠানে দলীয় রাজনৈতিক প্রভাব দূরীকরণ ও সুশাসন প্রতিষ্ঠা | শিক্ষার সাথে তথ্যপ্রযুক্তির যথাযথ সংশ্লেষ | সার্বজনীন স্বাস্থ্যসেবার ব্যবস্থা | স্বাস্থ্যখাতে নিজ পকেট থেকে উচ্চব্যয় |
| স্বাস্থ্যসেবার মান নিয়ে বিশ্বাসের ঘাটতি | চিকিৎসক ও স্বাস্থ্যসেবাকর্মীর অপ্রতুলতা | স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলির মানোন্নয়ন | জনসাধারণের মাঝে স্বাস্থ্যসংক্রান্ত সচেতনতা বৃদ্ধি |

# সামাজিক খাত (শিক্ষা, স্বাস্থ্য) পুনর্গঠন

- শিক্ষাখাতের পুনর্গঠনের সাথে কর্মসংস্থান, বিশেষত যুবকর্মসংস্থানের, বিষয়টি ওতপ্রোতভাবে জড়িত
- সিপিডির একটি পূর্ববর্তী গবেষণায় (খাতুন এবং সাদাত, ২০২০) যুব বেকারত্বের পেছনে নিম্নবর্ণিত কারণগুলি প্রধান হিসেবে উঠে আসেঃ

- **অপ্রতুল চাকরির সুযোগ**
- **শিক্ষার নিম্নমান এবং দক্ষতার অমিল**
- **উদ্যোক্তা হওয়ার সীমিত সুযোগ**
- **নারী চাকরিপ্রার্থীদের সামাজিক প্রতিবন্ধকতা**
- **কম্পিউটার এবং ইন্টারনেট সুবিধার অভাব**
- **ঘুষ ও দুর্নীতির কারণে কর্মসংস্থানের সীমিত সম্ভাবনা**
- **অভিজ্ঞতার অযৌক্তিক প্রয়োজনীয়তা**
- **সরকারি চাকরির অপেক্ষা**
- **আর্থিক সীমাবদ্ধতা**

# চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় করণীয়

- অন্তর্বর্তীকালীন সরকারের কর্মপরিধি বহুলাংশে নির্ভর করবে এর মেয়াদের ওপর
- মেয়াদের উপর ভিত্তি করে অন্তর্বর্তীকালীন সরকারের করণীয়গুলিকে তিনভাগে ভাগ করা যেতে পারেঃ
  - **স্বল্পমেয়াদীঃ** আইনশৃংখলা পরিস্থিতির উন্নয়ন ও অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য আগামী তিন মাসের ভেতর জরুরী ভিত্তিতে যা করা প্রয়োজন
  - **মধ্যমেয়াদীঃ** মেয়াদসাপেক্ষে যেসকল কাজ অন্তর্বর্তীকালীন সরকার নিজে শুরু করে শেষ করবে অথবা পরবর্তী নির্বাচিত সরকার শেষ করবে
  - **দীর্ঘমেয়াদীঃ** যেসকল কাজ অন্তর্বর্তীকালীন সরকার শুরু করবে কিন্তু সেগুলির সমাপ্তি ঘটবে পরবর্তী নির্বাচিত সরকারের শাসনামলে
- আজকের আলোচনায় বক্তাগণ তাঁদের সুপারিশমালা এই তিনটি ভাগে তুলে ধরতে পারেন

Independent Review of
iRBD
Bangladesh's Development

# ধন্যবাদ

cpd.org.bd

CPDBangladesh

CENTRE FOR POLICY DIALOGUE
https://cpd.org.bd

CPDBangladesh

cpd_bangladesh